

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১৯, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহানগর দায়রা জজ এবং

পদাধিকারবলে

মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।

### বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আপনি আসামি জনাব এম মোশারফ হোসেন এর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি রহিয়াছে এবং,

যেহেতু, এই আদালতের বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে যে, আপনি পলাতক রহিয়াছেন এবং আপনাকে গ্রেফতার বা আপনাকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং আপনাকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করার সম্ভাবনা নাই,

সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল 'ল' এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬(১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত মামলায় আপনাকে আগামী ১১-০১-২০২২ ইং তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনার অনুপস্থিতিতেই বিচার কার্য সম্পন্ন করা হইবে।

( ১৯৫৬৭ )  
মূল্য ৪ টাকা ৪.০০

তফসিল

মামলার নম্বর ও ধারা	
মেট্রোঃ বিশেষ মামলা নং-১৫০/২০ সূত্র: পল্টন মডেল থানার মামলা নং-৪৩, তারিখ: ২৮-০৬-২০১৬ খ্রিঃ। ধারা: মানিলাভারিং প্রতিরোধ আইন ২০১২ (সংশোধনী ২০১৫) এর ৪(২), ৪(৩)।	
ক্রমিক নং	পলাতক আসামীর নাম ও ঠিকানা
১।	জনাব এম মোশারফ হোসেন, পিতা-মৃত ইসমাইল হোসেন, সাং-পোটকরা, পোঃ-রোশনাবাদ, থানা-চৌদ্দগ্রাম, জেলা-কুমিল্লা, বর্তমান সভাপতি/ব্যবস্থাপনা পরিচালক, উত্তরা ইনভেস্টমেন্ট মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ, ১২ বিবি এভিনিউ গুলিস্তান, পল্টন মডেল থানা, ডিএমপি, ঢাকা।

কে, এম, ইমরুল কায়েশ  
মহানগর দায়রা জজ এবং  
পদাধিকারবলে  
মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।